

তফসিল-৪

এলপিজি ধারণপাত্র পরীক্ষা কেন্দ্রের জন্য প্রয়োজনীয় সুবিধাদির বিবরণ

[তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস (এলপিজি) বিধিমালা, ২০০৪ এর বিধি ৬৪ দৃষ্টব্য]

- ১। **সাধারণ শর্ত**।- এলপিজি ধারণপাত্র নিরাপদ পরিচালনা ব্যবস্থা নিশ্চিত করিবার উদ্দেশ্যে প্রতিটি পরীক্ষা কেন্দ্রে প্রয়োজনীয় সংখ্যক কর্মচারী এবং বিভিন্ন পদ্ধতিতে পরীক্ষণের জন্য পর্যাপ্ত সরঞ্জামাদি থাকিবে।
- ২। **ব্যবস্থাপক**।- পরীক্ষা কার্য পরিচালনার দায়িত্বে নিয়োজিত ব্যক্তি, অতঃপর ব্যবস্থাপক বলিয়া উল্লিখিত, যথাযথ যোগ্যতাসম্পন্ন হইবেন। এলপিজি সার্ভিসের ধারণপাত্র হইতে সম্ভাব্য বিপদ, পরীক্ষণ ও পরিদর্শনের উদ্দেশ্যে, পরীক্ষা প্রণালী, সরঞ্জাম ও পরীক্ষার ফলাফল লিপিবদ্ধকরণের উপর তাহার প্রশিক্ষণ থাকিতে হইবে। তাহাছাড়া পরীক্ষা কেন্দ্রের সহিত সংশ্লিষ্ট যান্ত্রিক প্রকৌশলগত বা রাসায়নিক প্রকৌশলগত বিষয়ে এবং এলপিজি ও ধারণপাত্রের ক্ষেত্রে প্রয়োজ্য স্ট্যান্ডার্ড স্পেসিফিকেশন, কোড বা বিধানাবলী সম্পর্কেও তাহার সম্যক জ্ঞান থাকিতে হইবে।
- ৩। **কর্মচারী**।- পরীক্ষা কেন্দ্রে পরিদর্শন ও পরীক্ষণ কাজে নিয়োজিত প্রত্যেক কর্মচারী তাহার নিজ কাজের জন্য প্রয়োজনীয় যোগ্যতার অধিকারী হইবেন এবং তাহার কাজের সহিত জড়িত সম্ভাব্য বিপদ এবং বিপদের সময় করণীয় সম্পর্কে তাহার সম্যক জ্ঞান থাকিতে হইবে।
- ৪। **সরঞ্জাম**।- পরীক্ষা কেন্দ্রে নিম্নবর্ণিত সরঞ্জামাদি থাকিতে হইবে -
 - (ক) এলপিজি সিলিন্ডার ও গ্যাসাধার সংক্রান্ত স্ট্যান্ডার্ড স্পেসিফিকেশন বা কোড এবং তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস (এলপিজি) বিধিমালা, ২০০৪, গ্যাস সিলিন্ডার বিধিমালা ১৯৯১, গ্যাসাধার (Pressure Vessel) বিধিমালা, ১৯৯৫ এর একটি করিয়া অনুলিপি;
 - (খ) উদ্বৃত্তি পরীক্ষণের জন্য ব্রিটিশ স্ট্যান্ডার্ড স্পেসিফিকেশন নং বিএস ৫৪৩০ তে উল্লিখিত যন্ত্রপাতি;
 - (ঘ) সিলিন্ডার বা গ্যাসাধারের অভ্যন্তরভাগ পর্যবেক্ষণের জন্য প্রয়োজনীয় নিম্ন ভোল্টেজ বাতি;
 - (ঙ) ওজন লইবার সরঞ্জাম;
 - (চ) সিলিন্ডার ও গ্যাসাধার নড়াচড়া (handling) করিবার পর্যাপ্ত সরঞ্জাম;
 - (ছ) সিলিন্ডার ও গ্যাসাধারের অভ্যন্তরস্থ গ্যাস নির্গমন করানোর জন্য প্রয়োজনীয় সরঞ্জাম;
 - (জ) সিলিন্ডার ও গ্যাসাধারের অভ্যন্তরভাগ শুষ্ক করিবার সরঞ্জাম;
 - (ঝ) চিহ্নিতকরণ ও ছাপ মারিবার সরঞ্জাম;
 - (ঞ) এই বিধিমালা বা সংশ্লিষ্ট স্ট্যান্ডার্ড স্পেসিফিকেশন অনুসারে কোন পরীক্ষার জন্য প্রয়োজনীয় অন্য কোন সরঞ্জাম।
- ৫। **অন্যান্য সুবিধাদি**।- (১) এলপিজি সিলিন্ডারের বাহ্যিক পরীক্ষার জন্য পরীক্ষা কেন্দ্রে পর্যাপ্ত আলোর ব্যবস্থা থাকিতে হইবে।
 - (২) অব্যবহৃত এলপিজি সিলিন্ডার বা গ্যাসাধার হইতে গ্যাস অপসারণের জন্য পরীক্ষা কেন্দ্রে এইরূপ বায়ু চলাচলের ব্যবস্থা থাকিবে যাহাতে নির্গত গ্যাস হইতে কোন উৎপাত বা বিপদের সম্ভাবনা না থাকে।
 - (৩) পরীক্ষা কেন্দ্রের কার্যাদি পরিচালনার জন্য ইহাতে পর্যাপ্ত জায়গা থাকিবে।
 - (৪) পরীক্ষা কেন্দ্রকে যথাসম্ভব পরিচ্ছন্ন ও শুষ্ক রাখিতে হইবে এবং এতদুদ্দেশ্যে প্রয়োজনীয় ব্যবস্থা রাখিতে হইবে।